

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিঃ ১৪ মে ২০১৬ খ্রিঃ।


এনবিআর এ জিরো টলারেপের বহিঃপ্রকাশ : করদাতা-বান্ধব ও উৎসবমুখর পরিবেশে রাজস্ব সংগ্রহের নির্দেশ

রাষ্ট্রের রাজস্ব সংগ্রহের দায়িত্বে নিয়োজিত মুখ্য প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড। রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী ও সুসংহত করার লক্ষ্যে নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে দৃঢ় প্রত্যয়ে জাতীয় রাজস্ব বোর্ড নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। এক্ষেত্রে সরকারের রাজনৈতিক নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সম্মানিত করদাতাগণের সাথে আলোচনা ও অংশীদারিত্বের ভিত্তিতে রাজস্ব সংগ্রহ কার্যক্রম জোরদার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। করদাতা-বান্ধব ও রাজস্ব-বান্ধব পরিবেশ বজায় রাখার নিমিত্ত সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান কতিপয় গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন, যা নিম্নরূপঃ

- যে সব সং ব্যবসায়ীরা তাঁদের ব্যবসা-বাণিজ্য, আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট কাজে স্বচ্ছতার সাথে নিয়মমাফিক কার্যক্রম পরিচালনা করছেন তাঁদেরকে জাতীয় রাজস্ব বোর্ড 'বিশ্বস্ত অংশীজন এবং অংশীদার' হিসেবে বিবেচনা করা হবে। অপরদিকে যেসব ব্যবসায়ীরা ছল-চাতুরি ও অসৎ কৌশল অবলম্বনের মাধ্যমে রাষ্ট্রকে ন্যায্য রাজস্ব পাওনা থেকে বঞ্চিত করেছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। ওয়ার্ল্ড কাস্টমস্ অরগানাইজেশন (WCO) এর উদ্ভাবিত ও অন্যান্য সদস্য রাষ্ট্র কর্তৃক অনুসৃত বিশ্বমানের নীতিমালার আলোকে শুদ্ধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হবে;
- একইভাবে রাজস্ব সংগ্রহের কাজে নিয়োজিত যে সব কর্মকর্তা-কর্মচারী করদাতা-বান্ধব দৃষ্টিভঙ্গী ও পেশাদারিত্বসুলভ মনোভাব নিয়ে নিয়মিত কাজ করছেন তাঁদেরকে কর্মে আরো উদ্দীপ্ত ও উৎসাহিত করার লক্ষ্যে বিষয়ভিত্তিক বৈদেশিক প্রশিক্ষণ, উপযুক্ত পদে পদায়নসহ বহুমাত্রিক পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কর, মুসক ও শুদ্ধ কর্মকর্তাদের মধ্যে যারা অধিকতর ভালো কাজ করে প্রতিষ্ঠানের সুনাম, সুখ্যাতি বজায় রেখেছেন এবং কর্মক্ষেত্রে দক্ষতা ও সফলতার স্বাক্ষর রেখেছেন তাঁদেরকে পর্যায়ক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাণিজ্য অনুষদ থেকে ডিপ্লোমা ইন ট্যাক্স ম্যানেজমেন্ট শীর্ষক এক বৎসর মেয়াদী কোর্সে পড়াশোনা করার সুযোগ থাকায় কর্মকর্তারা ব্যাপক উৎসাহ বোধ করছেন;
- দেশের কিছু কিছু স্থানে (রংপুর ও চট্টগ্রাম) কোন কোন কর্মকর্তা অসৎ ব্যবসায়ীদের কর ফাঁকিতে সহায়তা করায় তাৎক্ষণিকভাবে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কম গুরুত্বপূর্ণ পদে বদলী করা হয়েছে এবং ভবিষ্যতে এ ধরনের শৃঙ্খলা ও নিয়ম বহির্ভূত কার্যক্রমে জড়িত না হওয়ার বিষয়ে সতর্ক করা হয়েছে; এবং
- সম্মানিত করদাতাগণ যাতে স্বাচ্ছন্দ্যে ও উৎসবমুখর পরিবেশে আয়কর, মুসক ও শুদ্ধ পরিশোধ করতে পারেন সে বিষয়ে সকলকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের এনবিআর গৃহীত 'সুশাসন এবং উন্নততর ব্যবস্থাপনা পদ্ধতি' অনুসরণপূর্বক সকল প্রকার দুর্নীতি, হয়রানি, বিশৃঙ্খলা ও অসদাচরণের বিরুদ্ধে কঠোর নির্দেশ প্রদান করেছেন। পাশাপাশি দেশের উন্নয়নের অঙ্গিজন রাজস্ব সংগ্রহের কাজে গুরুত্বপূর্ণ অংশীজনদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের উপর গুরুত্ব আরোপ করেছেন।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ, মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপক,  
বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।